দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 SEP 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# বাকৃবির ভর্তি পরীক্ষা ২৯ অক্টোবর

■ বাকৃবি সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৬-১৭ শিক্ষা বর্ষের স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। আজ বুধবার থেকে অনলাইনে ভর্তি ফরম পূরণের কার্যক্রম শুরু হবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

৬টি অনুষদের মোট আসন সংখ্যা ১২০০। ফরমপূরণের জন্য বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হতে হবে এবং এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় সমষ্টিগতভাবে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ-৯ থাকতে হবে। আবেদনকারীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে মোট ১২ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। আবেদন কার্যক্রম চলবে আগামী ৬ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোনো তথ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.bau.edu.bd) জানা যাবে।

এদিকে এ বছর আবেদন ফরমের মূল্য ১০০ টাকা বৃদ্ধি করে ৭০০ টাকা করার প্রতিবাদে এবং বর্ধিত ফি বাতিলের দাবিতে গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাকৃবি প্রগতিশীল ছাত্রজোট।